

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৯ মাঘ ১৪৩০/২৩ জানুয়ারি ২০২৪

নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০২২.২০১৫(অংশ-১)-৩৭—যেহেতু, গাজীপুর সিটি কর্পোরেশনের ২৮নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ হাসান আজমল ভূঁইয়া'র বিরুদ্ধে গত ১৩-১২-২০২৩ তারিখে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার প্রহলাদপুর ইউনিয়নের বনখড়িয়া এলাকায় রেললাইন কেটে ফেলার কারণে ট্রেনের ইঞ্জিনসহ ০৭টি বগি লাইনচ্যুত হওয়ায় জয়দেবপুর-ময়মনসিংহ ট্রেন চলাচল বন্ধ হওয়ার অভিযোগ উত্থাপিত হয়েছে। বর্ণিত দুর্ঘটনার ফলে ০১ জনের মৃত্যু ও ১২ জন আহত হয়েছে;

যেহেতু, নাশকতার অপরাধে গত ১৭-১২-২০২৩ তারিখে কাউন্সিলর জনাব মোঃ হাসান আজমল ভূঁইয়াসহ ০৭ জনকে আটকের কথা গাজীপুর মেট্রোপলিটন পুলিশের প্রেস ব্রিফিং ও বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়। গাজীপুর সিটি কর্পোরেশনের কাউন্সিলরের এহেন নাশকতামূলক কর্মকান্ড দেশের শান্তি-শৃঙ্খলা, নিরাপত্তার জন্য হুমকি এবং আইন-বিধি পরিপন্থী। দেশবিরোধী এ ধরনের কার্যক্রমের ফলে সরকারের এবং জনগণের জান-মালের ক্ষতি হয়েছে এবং রেল যোগাযোগে ব্যাঘাত সৃষ্টি হওয়াসহ নানাবিধ অভিযোগ উত্থাপিত হয়েছে;

যেহেতু, গাজীপুর সিটি কর্পোরেশনের ২৮নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর মোঃ হাসান আজমল ভূঁইয়া'র এহেন কার্যক্রম অসদাচরণ এবং ক্ষমতার অপব্যবহারের সামিল, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইনের ১৩(১) (ঘ) ধারা অনুযায়ী অপসারণযোগ্য অপরাধ; এবং

(১৭১৯)

মূল্য : টাকা ৪০০

যেহেতু, তাকে তার স্বীয় পদ হতে অপসারণের লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ ধারা ১৩ এর অধীন কার্যক্রম আরম্ভ করা হয়েছে;

সেহেতু, গাজীপুর সিটি কর্পোরেশনের ২৮নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ হাসান আজমল ভূঁইয়া-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ ধারা ১২ এর উপ-ধারা (১) অনুযায়ী তার স্বীয় পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আব্দুর রাফিউল আলম
সিনিয়র সহকারী সচিব।